



তথ্যবিবরণী

নম্বর- ২৯৯

রাজশাহী আঞ্চলিক তথ্য অফিসের ২০২৪-২৫ অর্থবছরের এপিএ চুক্তি স্বাক্ষরিত

রাজশাহী; ১০ আষাঢ় (২৪ জুন):

রাজশাহী আঞ্চলিক তথ্য অফিসের ২০২৪-২৫ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) স্বাক্ষরিত হয়েছে। আজ সোমবার (২৪ জুন) সকালে তথ্য অধিদফতরের সম্মেলনকক্ষে এই চুক্তি স্বাক্ষর অনুষ্ঠিত হয়। তথ্য অধিদফতরের পক্ষে প্রধান তথ্য অফিসার মো: শাহেনুর মিয়া ও রাজশাহী আঞ্চলিক তথ্য অফিসের পক্ষে উপপ্রধান তথ্য অফিসার মোঃ তৌহিদুজ্জামান এই চুক্তিতে স্বাক্ষর করেন। এপিএ স্বাক্ষর অনুষ্ঠানে সিনিয়র উপপ্রধান তথ্য অফিসার মুন্সী জালাল উদ্দিন, আঞ্চলিক তথ্য অফিসসমূহের দপ্তর প্রধানগণসহ তথ্য অধিদফতরের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, ২০২৪-২৫ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী, রাজশাহী আঞ্চলিক তথ্য অফিস ৩৬০টি তথ্যবিবরণী, ২৩৫টি সংবাদ গতিধারা (প্রেসট্রেন্ড), ১০২০টি প্রেস ক্লিপিংস, ৪০০টি আলোকচিত্র ও ২১টি ফিচার প্রকাশ করবে। এছাড়া গণমাধ্যমের উন্নয়নে রাজশাহী আঞ্চলিক তথ্য অফিস ২টি মতবিনিময় সভার আয়োজন করবে।

.....

তৌহিদ/আতিক/আরিফ/রুহুল/২০২৪/১৭.০০ঘ.